জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

কলেজ পরিদর্শন দপ্তর
ই-মেইল: college.inspection@nu.ac.bd

স্মারক নং-০৭ (ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/২০০২(পার্ট)/২০৬১৭

তারিখঃ ২৯ পৌষ, ১৪৩২ / ১৩ জানুয়ারী, ২০২৬

প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৮/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ২৭১তম সভার সিদ্ধান্তক্রমে অধ্যক্ষের শুন্য পদ পূরণ বা ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত বিষয়ে **জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বেসরকারি কলেজ শিক্ষদের চাকুরির শর্তাবলী রেগুলেশন (সংশোধিত) ২০১৯** এর ৪(২)(i) ধারা সংশোধিত হয়ে নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হলো:

কলেজের অধ্যক্ষ পদ শূন্য হইলে/অধ্যক্ষের অবর্তমানে সংশ্লিষ্ট কলেজ ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগের জন্য উপাধ্যক্ষ/জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিষয়সমূহের মধ্য হইতে ১০ (দশ) জন জ্যেষ্ঠতম শিক্ষকের তালিকা হইতে গভর্নিং বডির প্রস্তাবক্রমে ০৩ (তিন) জনের একটি প্যানেল বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করিবেন। ভাইস-চ্যান্সেলর সংশ্লিষ্ট কলেজে সার্বিক অবস্থা পর্যালোচনা করিয়া প্যানেল ভুক্ত ০৩ (তিন) জনের মধ্যে হইতে তাহার বিবেচনায় উপযুক্ত যে কোন এক জনকে উক্ত কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগের অনুমোদন দান করিবেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগের পূর্ব পর্যন্ত ক্রান্তিকালীন সময়ে জরুরী/তাৎক্ষনিক প্রয়োজনে উপাধ্যক্ষ (যদি থাকেন) অধ্যক্ষের রুটিন দায়িত্ব পালন করিতে পারিবেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষের মেয়াদ হইবে ০৬ (ছয়) মাস। যুক্তি যুক্ত কারণ ব্যতিরেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের সর্বোচ্চ এক বৎসরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ নিয়োগদান করিতে ব্যর্থ হইলে ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্বাক্ষরিত আবেদন/কাগজপত্র/ কার্যবিবরণী জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত বা গৃহীত হইবে না। এছাড়াও বিশেষ পরিস্থিতিতে প্রভাষক পদমর্যাদার কোন শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হইলে তা অধ্যক্ষের চলতি দায়িত্ব হিসেবে পরিগণিত হইবে। এইরূপ চলতি দায়িত্বপ্রাপ্ত অধ্যক্ষের মেয়াদ কোনোভাবেই ০৬(ছয়) মাসের অধিক হইবে না। ০৩ (তিন) জনের প্যানেল হইতে যাহাকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য মনোনীত করিবেন তিনি দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করিলে প্যানেলভুক্ত অন্য কাউকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগ করা যাইবে। এরূপ ক্ষেত্রে প্যানেলভুক্ত কেহ অধ্যক্ষের দায়িত্ব পালনে অসমর্থ হইলে বা অপারগতা প্রকাশ করিলে কলেজ কর্তৃপক্ষ বিস্তারিত তথ্য সম্বলিত একটি আবেদন কলেজ পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন। উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে কলেজের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম নির্বিঘ্ন রাখিবার স্বার্থে ভাইস-চ্যান্সেলর তাহার বিবেচনায় যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন অন্য কোন শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করিতে পারিবেন।

সংশ্লিষ্ট কলেজে স্বপদে যোগদানের তারিখ হইতে জ্যেষ্ঠতা গণনা করিতে হইবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

13.01.2026

মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইলঃ ০১৭১১-৫৬৩৪০০

স্মারক নং-০৭ (ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/২০০২(পার্ট)/২০৬১৭

তারিখঃ ২৯ পৌষ, ১৪৩২ / ১৩ জানুয়ারী, ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
০২. সচিব-এর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সরকার;
০৩. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৪. পরিচালক ও সচিব, ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৫. পরিচালক, আইন বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৬. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ; (পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ মেইলের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো)
০৭. পরিচালক, তথ্য ও জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৮. সকল উপ-কলেজ পরিদর্শক, কলেজ পরিদর্শন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
০৯. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়-১ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১০. উপ-রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয় এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১১. সহকারী-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়-২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১২. অধিভূক্ত সংশ্লিষ্ট কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠান;
১৩. অফিস কপি/মাষ্টার নথি।

13.01.2026

কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়